দৈনিক জনকণ্ঠ
26 MAY 2017

# উচ্চ মাধ্যমিকে ভর্তির আবেদন করেনি দুই লাখ শিক্ষার্থী

বিভাষ বাড়ৈ ॥ নতুন শিক্ষাবর্ষে ভর্তির জন্য সারাদেশের কলেজগুলোতে অনলাইন ও এসএমএসে আবেদনের শেষ দিন আজ। সরকারী ভর্তি নীতিমালা অনুসারে রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত ভর্তিচ্ছু আবেদনের সুযোগ পাবেন। এদিকে ব্যাপক সাড়া পড়লেও এখন পর্যন্ত আবেদনের বাইরে রয়ে গেছেন এসএসসি ও সমমানের পরীক্ষায় পাস করা প্রায় দুই লাখ শিক্ষার্থী। এবার পরীক্ষায় পাস করেছে ১৪ লাখ ৩১ হাজার ৬২২ জন। অথচ বৃহস্পতিবার সন্ধ্যা পর্যন্ত কলেজে ভর্তির জন্য ১০ শিক্ষা বোর্ডে আবেদন করেছেন ১২ লাখ

## আজ শেষ দিন

৪৫ হাজার ৩০০ জন। আবেদনের সংখ্যা দাঁড়িয়েছে ৬৯ লাখ ৬২ হাজার ১২৮টি। এছাড়া ভর্তিতে নানা সঙ্কটের অভিযোগ তুলেছেন কলেজের অধ্যক্ষ ও ভর্তিচ্ছুরা। আসন কমানো নিয়ে প্রশ্ন তুলেছেন অনেক অধ্যক্ষ।

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান আবেদনের সর্বশেষ অবস্থা সম্পর্কে বলেছেন, খুব ভালভাবে প্রক্রিয়া চলছে। আবেদন শেষে যাছাই-বাছাই ও ছাড়াও পুনর্নিরীক্ষণে ফল পরিবর্তন হওয়া শিক্ষার্থীরা ৩০ ও ৩১ তারিখ আবেদন করবেন। ৫ জুন ভর্তির ফল বা তালিকা প্রকাশ করা হবে। কিছু অধ্যক্ষের আসন নিয়ে তোলা প্রশ্নের জবাবে চেয়ারম্যান বলেছেন, কেউ বললেই তো হবে না। যেসব কলেজে বাড়তি আসনের দরকার নেই সেখানেই কমানো হয়েছে। অনেক কলেজ ৫০০ আসন নিয়ে বসে আছে, অথচ গত বছর ভর্তি হয়নি ১০ জনও। এসব প্রতিষ্ঠানের আসন সমানোই দরকার।